



স্মার্ট কৃষি গড়ে তুলতে সরকারের সমন্বিত মহাপরিকল্পনা: প্রধানমন্ত্রী



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

কৃষিকে আধুনিক ও টেকসই করতে সরকার নতুন পরিকল্পনা হাতে নিয়েছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী। এর আওতায় জলবায়ু সহনশীল ও স্বল্পমেয়াদি ফসলের জাত উদ্ভাবনে জোর দেওয়া হচ্ছে।

জলবায়ু পরিবর্তনের চ্যালেঞ্জ মোকাবিলায় 'ক্লাইমেট স্মার্ট কৃষি' বাস্তবায়নের উদ্যোগ নেওয়া হয়েছে। লবণাক্ততা, খরা ও বন্যা সহনশীল ফসল চাষের পাশাপাশি পানি ব্যবস্থাপনা উন্নয়ন এবং পরিবেশবান্ধব প্রযুক্তির ব্যবহার বাড়ানোর পরিকল্পনা রয়েছে। কম পানি, কম সার ও কীটনাশক ব্যবহার করে উৎপাদন বাড়ানো এবং 'অল্টারনেট উইটিং অ্যান্ড ড্রায়িং (এডব্লিউডি)' পদ্ধতির মাধ্যমে ভূগর্ভস্থ পানির ব্যবহার কমানোর ওপর গুরুত্ব দেওয়া হচ্ছে।

এছাড়া প্রিপেইড মিটার স্থাপন এবং আধুনিক সেচ ব্যবস্থার মাধ্যমে কৃষিতে দক্ষতা বাড়ানোর উদ্যোগ নেওয়া হয়েছে। এতে খরাপ্রবণ এলাকায় পানির অপচয় কমবে এবং উৎপাদন ব্যয়ও হ্রাস পাবে।

অন্যদিকে 'খামারি অ্যাপস'-এর মতো মোবাইলভিত্তিক প্রযুক্তি ব্যবহার করে অঞ্চলভিত্তিক উপযোগী ফসল নির্বাচন, সেচ ও সার ব্যবস্থাপনা সহজ করা হচ্ছে। পাশাপাশি প্রিসিশন এগ্রিকালচার সম্প্রসারণের মাধ্যমে আধুনিক ও তথ্যনির্ভর কৃষি ব্যবস্থা গড়ে তোলার কাজ চলছে।